

বান্দরবানে শ্রো এলাকায় ভূমি দখলের চক্রান্ত প্রতিহত কর
সিকদার গ্রুপের হোটেল ও পর্যটন স্থাপনা নির্মাণের প্রতিবাদ-সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট



আদিবাসীদের জায়গা দখল করে সিকদার গ্রুপের হোটেল ও পর্যটনকেন্দ্র নির্মাণের চক্রান্তের প্রতিবাদে সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের উদ্যোগে ১২ নভেম্বর জাতীয় প্রেসক্লাবের সামনে সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের কেন্দ্রীয় কমিটির সভাপতি আল-কাদেরী জয়ের সভাপতিত্বে ও প্রচার ও প্রকাশনা সম্পাদক শোভন রহমানের পরিচালনায় বক্তব্য রাখেন কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক নাসির উদ্দিন খ্রিস, সাংগঠনিক সম্পাদক রুখসানা আফরোজ আশা, ঢাকা নগর শাখার সভাপতি মুক্তা বাউড়ে ও ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক রাজীব কান্তি রায়। সমাবেশ শেষে একটি বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়।

সমাবেশে নেতৃত্ব দেন, পাহাড়ে পর্যটনকেন্দ্র, মসজিদ, হোটেল বানানোর নাম করে আদিবাসীদের ভূমি দখল, উচ্ছেদ এবং তাদের ওপর জবরদস্তির ঘটনা ক্রমাগত ঘটছে। বিগত সময়ে এ রকম চক্রান্ত করে তাদের বসত বাড়ি, আবাদি ভূমি থেকে উচ্ছেদ করা হয়েছে। চালানো হচ্ছে জাতিগত নিপীড়ন। বস্তুত, পাহাড়ে চলছে একটি অলিখিত সেনা শাসন। সম্প্রতি সময়ে শিকদার গ্রুপ এবং সেনা কল্যাণ ট্রাস্ট এর যৌথ উদ্যোগে ফাইভ স্টার হোটেল বানানোর নাম করে শ্রো সম্প্রদায়ের প্রায় এক হাজার হেক্টর জমির দখলের চেষ্টা চলছে। এ হোটেল নির্মাণ হলে শ্রো জনগোষ্ঠীর ৭০-১১৬টি পাড়া ক্ষতিগ্রস্ত হবে, প্রায় ১০ হাজার জুমচাষি উদ্বাস্তু হওয়ার ঝুঁকিতে পড়বে। তাদের জীবন-জীবিকা, প্রাণ-প্রকৃতি ধ্বংস করে ব্যবসায়িক প্রতিষ্ঠান গড়ার পায়তারাও চলছে। শাসকগোষ্ঠীর এই সম্পদ দখল ও অধিকার বঞ্চিত করার চক্রান্তের বিরুদ্ধে সর্বাঙ্গিক আন্দোলন গড়ে তোলার জন্য পাহাড় এবং সমতলের নিপীড়িত জনগণের প্রতি নেতৃত্ব আস্থান জানান।

বরিশাল : ১৫ নভেম্বর একই দাবিতে শহরের অশ্বিনী কুমার হল চত্বরে ছাত্র ফ্রন্ট বরিশাল জেলা শাখার উদ্যোগে বিক্ষোভ অনুষ্ঠিত হয়। ছাত্র ফ্রন্ট জেলা আহবায়ক সাগর দাস আকাশের সভাপতিত্বে বিজন শিকদারের পরিচালনায় সমাবেশে বক্তব্য রাখেন ছাত্র ফ্রন্ট কেন্দ্রীয় কমিটির সভাপতি আল কাদেরী জয়, বাসদ জেলার সদস্যসচিব ডা. মনীষা চক্রবর্তী, ছাত্রনেতা সূজন আহমেদ ও সাইফুল ইসলাম।